



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
টেলিকম শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.ptd.gov.bd



স্মারক নম্বর: ১৪.০০.০০০০.০১০.১৮.০০১.২১.১০১০

তারিখ: ২৪ পৌষ ১৪২৯

০৮ জানুয়ারি ২০২৩

বিষয়: ০৭টি প্রতিষ্ঠানের অনুকূলে একটি করে নতুন জেলা আইএসপি লাইসেন্স ইস্যুর পূর্বানুমোদন প্রদান।
সূত্র: বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের স্মারক নম্বর:
১৪.৩২.০০০০.৭০২.৪৫.৩৯০.১৯.২, ২৯৪, তারিখ: ০৯/১১/২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে বিটিআরসি'র প্রস্তাব এবং সুপারিশের ভিত্তিতে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১-এর ধার-৩৬ এবং আইএসপি গাইডলাইনের ক্লজ-৫ মোতাবেক নিম্নোক্ত প্রতিষ্ঠানসমূহের অনুকূলে একটি করে নতুন জেলা আইএসপি লাইসেন্স (লাইসেন্সের ভৌগোলিক এলাকা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পার্শ্বে উল্লিখিত জেলা) ইস্যুর পূর্বানুমোদন বর্ণিত শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো:-

ক্রমিক	আবেদনকৃত প্রতিষ্ঠানের নাম	প্রতিষ্ঠানের ঠিকানা	লাইসেন্সের ধরণ	লাইসেন্সের ভৌগোলিক এলাকা/জেলা
১	বরেন্দ্র অনলাইন (Borendro Online)	বাঙ্গাবাড়িয়া, কলোনি, নওগাঁ সদর, নওগাঁ।	জেলা আইএসপি	নওগাঁ জেলা
২	বগুড়া ইনফো.কম (Bogra Info.Com)	এস-৯, গৌহর প্লাজা (২য় ফ্লোর), হোল্ডিং ২৪৩৬, সাতমাথা, বগুড়া।	জেলা আইএসপি	বগুড়া জেলা
৩	দিনাজপুর অনলাইন (Dinajpur Online)	ষষ্ঠীতলা মোড়, সদর, দিনাজপুর	জেলা আইএসপি	দিনাজপুর জেলা
৪	লক্ষ্মীপুর কমিউনিকেশন নেটওয়ার্ক (Lakshmipur Communication Network)	হারিস চেয়ারম্যান বাড়ি, উত্তর বাজার, বাঞ্চনাগর, লক্ষ্মীপুর ৩৭০০	জেলা আইএসপি	লক্ষ্মীপুর জেলা
৫	মৌসুমি আইটি বিজনেস হাউস (Mousumi IT Business House)	নাগড়া, নেত্রকোনা-২৪০০	জেলা আইএসপি	নেত্রকোনা জেলা
৬	আলট্রা স্পিড বিডি লিঃ (Ultra Speed BD Ltd.)	গুহো রোড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার	জেলা আইএসপি	মৌলভীবাজার জেলা
৭	কেবিএস ডিজিটাল (KBS Digital)	নতুন হাট, চর শরপুর, রাওয়াদী, পাবনা।	জেলা আইএসপি	পাবনা জেলা

শর্তসমূহ:

(১)	লাইসেন্সপ্রাপ্ত আইএসপিসমূহকে প্যারেন্টাল গাইডেন্স প্রদানসহ তা প্রতিপালন করতে হবে;
(২)	লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানকে বাধ্যতামূলকভাবে ISPAB-এর সদস্য পদ গ্রহণ/নবায়ন করতে হবে;

(৩)	লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান প্রতি সপ্তাহে তাদের গ্রাহকদের হালনাগাদ তালিকা স্থানীয় থানা এবং বিটিআরসিতে প্রেরণ করবে;
(৪)	লাইসেন্সধারী প্রতিষ্ঠান কেবলমাত্র তার লাইসেন্সের জন্য নির্ধারিত ভৌগোলিক সীমানাতেই আইনসম্মত কর্মকাণ্ড পরিচালনা করবেন;
(৫)	সাইবার ক্যাফেসমূহের সেবা গ্রহণকারীদের IP Log সংরক্ষণ করতে হবে এবং চাহিবা মাত্র তা আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে প্রদান করতে হবে;
(৬)	লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান কোন প্রকার এজেন্ট নিয়োগ করতে পারবে না;
(৭)	লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান CCTV সংযুক্ত করবে এবং গ্রাহকদের হালনাগাদ তালিকা সংশ্লিষ্ট থানায় প্রেরণ করবে;
(৮)	সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বিটিআরসি'র রেট অনুযায়ী গুণগত মান বজায় রেখে সেবা প্রদান করতে হবে। অন্যথায় লাইসেন্স বাতিল হতে পারে;
(৯)	লাইসেন্সের শর্ত কিংবা উপরোক্ত যে কোন শর্ত ভঙ্গ করলে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ যে কোন সময় যে কোন লাইসেন্স বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

২। এছাড়া বিটিআরসি নিশ্চিত করবে যে-

(ক) বিটিআরসি এ সংশ্লিষ্ট একটি ডাটা বেইজ সংরক্ষণ করবে;

(খ) যে সমস্ত প্রতিষ্ঠানের একের অধিক উপজেলা/থানা/বিভাগকে ভৌগোলিক এলাকা নির্ধারণ করা হয়েছে, সে সমস্ত প্রতিষ্ঠানের নিকট হতে সেই অনুপাতে পৃথক পৃথক লাইসেন্সের ফিস আদায় করতে হবে।



৮-১-২০২৩

এস. এম. তারিক

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২২২৩৩৫৪৪৪৮

ফ্যাক্স: ০২ ৯৫১৫৫৯৯

ইমেইল: telecom1@ptd.gov.bd

চেয়ারম্যান (সিনিয়র সচিব), বাংলাদেশ টেলিযোগাযোগ
নিয়ন্ত্রণ কমিশন

স্মারক নম্বর: ১৪.০০.০০০০.০১০.১৮.০০১.২১.১০১০/১(২)

তারিখ: ২৪ পৌষ ১৪২৯

০৮ জানুয়ারি ২০২৩

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, লিগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

২) সচিব মহোদয়ের একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ



৮-১-২০২৩

এস. এম. তারিক

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)